

সারাদেশ

কলেজছাত্র জাকারিয়া হত্যা মামলার প্রধান আসামি নাহিদ খেপ্তার



প্রতিবেদক: সাতক্ষীরা প্রতিনিধি

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৬ অক্টোবর ২০২৬, ০১:৩৭ PM



সাতক্ষীরা শহরের আলোচিত কলেজছাত্র জাকারিয়া খাঁন হত্যা মামলার প্রধান আসামি নাহিদ হাসানকে খেপ্তার করেছে পুলিশ। এ সময় তাঁর সহযোগী অমিত হাসানকেও খেপ্তার করা হয়। ভারতে পালিয়ে যাওয়ার সময় সাতক্ষীরার কালিগঞ্জ উপজেলার সীমান্তবর্তী গুইলপুর গ্রাম থেকে তাঁদের খেপ্তার করা হয়।

খেপ্তার নাহিদ হাসান সাতক্ষীরা শহরের ইটাগাছা এলাকার মৃত গিয়াসউদ্দিনের ছেলে। অমিত হাসান (৩০) একই এলাকার হুমায়ুন কবীরের ছেলে।

সাতক্ষীরা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শফিকুল ইসলাম জানান, জাকারিয়া হত্যা মামলার প্রধান আসামি নাহিদ সীমান্তবর্তী এলাকায় অবস্থান করছেন বলে পুলিশের কাছে খবর আসে। তিনি ভারত পালিয়ে যাওয়ার চেষ্টা করছিলেন।

খবর পেয়ে সদর থানা, কালিগঞ্জ থানা ও গোয়েন্দা পুলিশের একটি দল মঙ্গলবার ভোর চারটার দিকে ওই এলাকায় অভিযান চালায়। এ সময় সীমান্তবর্তী একটি স্থান থেকে নাহিদ ও অমিত হাসানকে গ্রেপ্তার করা হয়।

পুলিশ জানায়, অমিত হাসান জাকারিয়া হত্যা মামলার সন্দিক্ত আসামি।

গত ২ অক্টোবর শুক্রবার দিবাগত রাত সাড়ে ১১টার দিকে সাতক্ষীরা শহরের প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়ের প্রধান ফটকের পাশে একটি চায়ের দোকানের সামনে বিরোধের ঘটনা ঘটে। ওই দোকানের মালিক রবিউল ইসলামের ভাইপো বাপ্পি হাসানের সঙ্গে নাহিদসহ কিশোর গ্যাংয়ের সদস্যদের বিরোধ হয়।

বাপ্পি হাসানকে রক্ষা করতে গিয়ে নাহিদের ছুরিকাঘাতের শিকার হন কলেজছাত্র জাকারিয়া। পরে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়।

এ ঘটনায় নিহত জাকারিয়ার ভাই শাহরিয়ার খাঁন বাদী হয়ে শনিবার রাতে সাতক্ষীরা সদর থানায় হত্যা মামলা করেন। মামলায় ১২ জনের নাম উল্লেখ করা হয়। অজ্ঞাতনামা আসামি করা হয় আরও সাতজনকে।

এর আগে শনিবার ভোরে মামলার এজাহারভুক্ত আসামি মুহিদ হাসান বনিকে তাঁর নিজ বাড়ি থেকে গ্রেপ্তার করে পুলিশ।

এ বিভাগের আরও খবর



রাজৈরে ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা
মাদারীপুরের রাজৈরে ইয়াবাসক্ত ছেলের অভ্যাস ও হত্যার হুমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা।
উপজেলার কামালদি ব্রিজের সূতা...



বালকাঠিতে গাঁজাসহ তরুণ গ্রেফতার
বালকাঠির নলদিটিতে দুই কেল্লি গাঁজাসহ রাফিব হাসান সরদার (১৯) নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার রাত ১০ টার দিকে উপজেলার দপদপিয়া ইউনিয়নে...



শার্শায় ২০০ বোতল উইনসেরেজ কক্ষ সিরাপসহ গ্রেপ্তার ১
যশোরের শার্শায় ২০০ বোতল উইনসেরেজ কক্ষ সিরাপসহ মো. সবুজ খান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ। মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুর ২টার...



ব্রাহ্মণবাড়িয়ায় কিশোর গ্যাংবিরোধী অভিযানে আটক ৪২, পরে মুচলেকায় ছাড়া
ব্রাহ্মণবাড়িয়া শহরে কিশোর গ্যাংবিরোধী বিশেষ অভিযানে ৪২ জনকে আটক করে পুলিশ। অগ্রাঙ্ক বয়সসহ সামাজিক পরিস্থিতি বিবেচনায় মুচলেকা নিয়ে গতকাল সোম...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/klejchhatr-jakarija-htja-mamlar-prdhan-asami-nahid-greptar>